# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সময় | : | সকাল ৯:৩০ থেকে ১০:৩০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ৩০/০৫/২০২২ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় জুমের মাধ্যমে ২৯ মে ২০২২ কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় আলোচিত বিভিন্ন বিষয়সমূহ সভাকে অবহিত করেন এবং কতিপয় বিষয়ে ব্যাখ্যা করেন। যার মধ্যে উল্লেখযোগ্য ছিল শুদ্ধাচার পুরস্কার এর অর্থনৈতিক কোডে এই অর্থবৎসরে ১ম বারের মতো বরাদ্দ প্রাপ্তি; শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর খসড়া চূড়ান্তকরণ; ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুসারে শুদ্ধাচার পুরস্কারের মনোনয়নের কাজ জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন ২৫ জুন ২০২২ এর মধ্যে পাঠানো ইত্যাদি। সভাপতি শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ এর মনোনয়নের জন্য কেন্দ্রীয় দপ্তরের পুনরায় সহযোগিতা চেয়েছেন বলে সভাকে জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর খসড়া শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ই-মেইলে পাঠাতে হবে।

২। শুদ্ধাচার পুরস্কার সংশোধিত নীতিমালা অনুসারে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ এর মনোনয়ন এর কাজ ৩০ জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৩। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন ২৫ জুন ২০২২ এর মধ্যে প্রেরণ করতে হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed
30/05/22

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০২৯৯-৬৬৩৬৬৩৩

সংযুক্ত-ক

## ৩০/০৫/২০২২ ইং তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | **কর্মকর্তা/কর্মচারীর** নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 30/05/2022 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ৩০/৫/২০২২ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [signature] ৩০/৫/ 2022 |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] ৩০/০৫/2022 |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির ৩০/৫/২০২২ |